দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04.OCT. 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

# মেডিক্যাল ভর্তিচ্ছুদের ব্যতিক্রমী প্রতিবাদ

## প্রধানমন্ত্রীকে স্মারকলিপি আজ

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

মেডিক্যাল কলেজ ভর্তি পরীক্ষায় ফাঁস হওয়া প্রশ্নের অনুলিপি নিয়ে গতকাল শনিবার কেন্দ্রীয় শহীদ মিনারে ব্যতিক্রমী আলোকচিত্র ও ব্যঙ্গচিত্র প্রদর্শন করে প্রতিবাদ করেছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। একই সাথে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের মেডিক্যাল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার ফল বাতিল এবং নতুন পরীক্ষা নেয়ার দাবিতে গণস্বাক্ষর কর্মসূচিও পালন করেছেন তারা। আজ একই দাবিতে ভর্তিচ্ছুরা প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি দেবেন। সকাল দশটায় কেন্দ্রীয় শহীদ মিনার থেকে তারা প্রধানমন্ত্রী কার্যালয় অভিমুখে পদযাত্রা করবেন এবং কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দেবেন।

আন্দোলনের মুখপাত্র ও মেডিক্যালে ভর্তিচ্ছু খালেদ সাইফুল্লাহ বলেন, ভর্তি পরীক্ষার আগে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ভর্তি পরীক্ষার প্রশ্নের যেসব অনুলিপি পাওয়া গেছে সেগুলো নিয়ে আজ কেন্দ্রীয় শহীদ মিনারে আলোকচিত্র ও ব্যঙ্গচিত্র প্রদর্শন করা হয়। ন্যায় বিচার ও দেশের শিক্ষা ব্যবস্থার স্বার্থে আমরা নতুন করে ভর্তি পরীক্ষা গ্রহণ এবং প্রশ্ন ফাঁসের সাথে জড়িতদের শাস্তি দাবি করছি।